যে সংগঠনের অর্থের নিশ্চিত উৎস নেই এবং সেই উৎসকে বৃদ্ধি করার পরিকল্পনা নেই; তারা কোন অর্থনৈতিক প্রকল্প বাস্তবায়ন করতে পারবে না। অর্থনীতি প্রকল্পের জন্য তিনটে উপাদান যেটা আমরা পূর্বেই বলেছিঃ

- অর্থের উৎস
- অর্থকে বিনিয়োগ করার পদ্ধতি
- অর্থকে ব্যয় করার ভারসাম্যতা

আপনি জানেন আপনার কাছে অর্ধ মিলিয়ন ডলার বা ১ লাখ ডলার বা ১০ হাজার ডলার বা ১ হাজার ডলার আছে। এখন সেই পরিমান সাংগঠনিক প্রসারতা ও কাজ করবেন যতটুকুর বাস্তব সামর্থ রয়েছে, যাতে এক সময় তা বন্ধ না হয়ে যায়। কারণ এটা সত্য যে, মানুষ আপনাকে মৃত্যুর উপর বায়াত দিয়েছে এবং শ্রবণ ও আনুগত্যের অঙ্গীকার করেছে। কিন্তু মানুষ যখন ক্ষুধার্ত হবে, তার স্ত্রীকে ক্ষুধার্ত পাবে এবং সন্তানদেরকে ক্ষুধার জ্বালায় মৃত্যুবরণ করতে দেখবে; তখন ইচ্ছা থাকলেও সঠিক ভাবে চিন্তা করতে পারবে না। সঠিকভাবে যুদ্ধ করতে পারবে। তখন সে তার সংকল্পে পুনরায় দৃষ্টি বুলাবে। আপনাকে বলবেঃ “আপনি আমাকে রক্ষা করছেন না, আমি যুদ্ধ করার আগে খেতে চাই”।

তাই অর্থনীতি প্রকল্পের ক্ষেত্রে এই তিনটা বিষয়কে বাস্তবায়ন করতে হবে। উৎস তৈরির পাশাপাশি সেগুলো বিনিয়োগ করা এবং ব্যয়ের ক্ষেত্রে ভারসাম্যতা রক্ষা করা।

ইহা হচ্ছে সংগঠনের তৃতীয় উপাদান, তবে সম্পদ ছাড়াও সংগঠন প্রতিষ্ঠিত হওয়া সম্ভব। এই উপাদানটি মৌলিক উপাদান নয় বরং মৌলিক উপাদান হচ্ছে মানহাজ

ও নেতৃত্ব। মানহাজ এবং নেতৃত্ব ছাড়া কোন সংগঠন হওয়া সম্ভব নয়। আর যে সংগঠনের সঠিক অর্থনৈতিক পরিকল্পনা নেই সেটা সংগঠন হতে পারবে কিন্তু ধ্বংস অনিবার্য। যে সমস্ত সংগঠনের অর্থনৈতিক পরিকল্পনা ও প্রকল্প নেই তাদের ধ্বংসের পরিমাণ হচ্ছে ৯৯%।

চতুর্থ উপাদানঃ সামগ্রিক পরিকল্পনা

সংগঠনের চতুর্থ উপাদান হচ্ছে, পরিকল্পনা থাকা। কাজের জন্য একটি পরিকল্পনা থাকা। আপনি মানুষ থেকে কি চান? কেন মানুষকে একত্রিত করেছেন ও কেন সংঘটিত করেছে? ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য। প্রত্যেকেই ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা চায়; কিন্তু আপনি কিভাবে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করবেন?

আপনি যদি কোন গাড়ি নির্মান করতে চান, তখন কাষ্টমার এসে আপনাকে বলবে, এটি রেইসের জন্যে তৈরি করুন; তখন আপনি তার উপযুক্ত পদ্ধতিতে নির্মান করবেন। কিন্তু গাড়ির উদ্দেশ্য যদি হয়, ১ হাজার কেজি আলু বহন করা তাহলে আপনার কাছে দ্রুততা গুরুত্বপুর্ণ থাকবে না বরং চেষ্টা করবেন গাড়ির জায়গা যাতে হাজার কেজি ধারনের উপযুক্ত হয়।

যদি আপনার কাছে এমন সংগঠন থাকে যাদের উদ্দেশ্য দাওয়াতী কাজ করা; তাহলে তাদেরকে প্রকাশ্য পদ্ধতিতে গঠন করবেন। যাতে তারা মসজিদে প্রবেশ করে, এবং আপনি একটি পরিকল্পনা তৈরি করবেন, যেখানে কিছু বছরের ভিতর প্রত্যেকটা গ্রামের প্রতিটা মসজিদে আপনি একজন করে দায়ী দিতে পারবেন এবং এর মাধ্যমে প্রত্যেকটা মানুষের কাছে পৌঁছে যেতে পারবেন। তখন আপনার কাছে আনসার তৈরি হবে, যার ভিত্তিতে আপনি গোপন কার্যক্রম শুরু করবেন। কিছু বিশেষ ব্যক্তি তাদের দ্বারা বাহিনী তৈরি করবেন ... এই হচ্ছে পরিকল্পনা।

যদি সংগঠনের নেতৃত্ব শুরু থেকেই না জানে তারা কি চায়, তাহলে কিভাবে মানুষকে একত্রিত করবে বা সংগঠিত করবে!

এই পরিকল্পনাকে সামরিক পরিভাষা স্ট্র্যাটেজি বলা হয়। স্ট্রাটেজি হচ্ছেঃ এমন কিছু দীর্ঘ মেয়াদী পরিকল্পনার সমষ্টি যা পরিবর্তন যোগ্য নয়। রাজনীতিক ও স্ট্রেটেজিক বিশেষজ্ঞরা বলেনঃ কোনো সিদ্ধান্ত যদি ছয় মাসের ভিতরে পরিবর্তন করা হয় তাহলে তা স্ট্র্যাটেজিক সিদ্ধান্ত নয়।

ধরুন, আমাদের সংগঠন পরিকল্পনা হল জালালাবাদ পর্যন্ত বিজয় করা, কিন্তু কিছু দিন পর আফগান যুদ্ধই ত্যাগ করে পরিকল্পনা করলাম, আমাদের বাহিনী নিয়ে অমুক দেশে যাব, কিছুদিন পর বললাম; না, আমরা সবাই ইয়ামানে যাব ... এই বিক্ষিপ্ত পথগুলো স্পষ্ট প্রমাণ করে এদের কোন পরিকল্পনা নেই।

আপনারা অনেকেই ছোট ছোট দলে রয়েছেন, যারা প্রাথমিক কাজে রয়েছেন বা কাজ করতে চাচ্ছেন। আপনার দলকে সংগঠনে রূপ দেওয়ার জন্য এটা নির্দিষ্ট করা আবশ্যক, আপনারা কি চান? সংগঠনের লক্ষ্য কি? এই লক্ষ্য বাস্তবায়নের জন্য সংগঠনের উপযুক্ত গঠন পদ্ধতি কি?

ধরুন, আমি আফ্রিকাতে খ্রিস্টান মিশনারীদের প্রতিরোধে জন্য সংগঠন প্রতিষ্ঠা করব। যার জন্য কিছু সদস্য বাছাই করে সেখানে নিয়ে যাব এবং এই এই কাজ করব। তাই প্রথমে এই কাজের পরিকল্পনা করা এবং প্রতিপক্ষের প্রতিক্রিয়া অনুধাবন করা অবশ্যক। তখন আমি বলব, আমি অমুক স্থানে কার্যক্রম শুরু করব ফলে প্রতিপক্ষ এই ধরনের কাজ করার সম্ভাবনা রয়েছে। যদি তারা এই কাজ করে তাহলে আমি সেই কাজ করব। পরিকল্পনাকারীর সফলতা পরিমাপ করা হয় - যেমনটা দাবা খেলার মধ্যে- তার চিন্তা দূরত্ব কতটুকু তার ওপর। কিছু খেলোয়ার সামনের ৬ ধাপ চিন্তা করতে পারে, আবার কিছু খেলোয়ার ৯ ধাপ চিন্তা করতে পারে। আপনি ইয়াহুদী-নাসারাদের সাথে জোটবদ্ধ প্রশাসনের সাথে খুব ভয়ঙ্কর খেলায় মেতে উঠেছেন, যারা বিভিন্ন ইসলামিক দল ও উলামাদের দ্বারা সুরক্ষিত। অন্যদিকে আপনি এমন এক জাতির মধ্যে আছেন যাদের সাথে যুদ্ধের কোন সম্পর্ক নেই। অর্থাৎ আপনার সর্বোত্তম অবস্থাতেও জনগণ অন্তর দিয়ে আপনার সাথে থাকলেও বাস্তব যুদ্ধে তাদের কোন সম্পর্ক থাকবে না। আমি এক সময় মিশরীয় জনগণের কাছে জিহাদের খবর জিজ্ঞেস করতাম এবং মিশরের বিদ্যমান দলগুলোর ব্যাপারে জিজ্ঞেস করতাম। আফসোসের বিষয় হচ্ছে, ১শ ব্যক্তিকে প্রশ্ন করে মাত্র ৩, ৪ বা ১০ পাবেন যারা মুজাহিদদের লক্ষ্য কি তা জানে। সিরিয়ার ৫০ মিলিয়ন মানুষের মধ্যে কয় মিলিয়ন মানুষের সাথে যুদ্ধের সম্পর্ক রয়েছে? এত কঠিন পরিবেশেও আপনি পরিকল্পনা ছাড়া কাজ করতে চান?

কাজের সফল মৌলিক বিষয় হচ্ছে পরিকল্পনা। একটি সংগঠনের যদি মানহাজ এবং নেতৃত্ব থাকে তাহলে মাসে মাত্র দেড়শ ডলার খরচ করেও চলমান থাকতে

পারে। কিন্তু কতক্ষণ চলবে?! লক্ষ্যে পৌছাতে না পারার কারণে কতজন সদস্য রাস্তায় ঝরে পড়বে?!

সংগঠনের পঞ্চম উপাদান হচ্ছেঃ সামরিকতা বা শ্রবণ ও আনুগত্য

আমরা মানহাজ নিয়ে কথা বলেছি অতঃপর নেতৃত্ব অতঃপর সম্পদ অতঃপর পরিকল্পনা। এখন আমাদের কাছে শুধুমাত্র একটি অংশ বাকি রয়েছে তা হলো শ্রবণ ও আনুগত্য যাকে সামরিকতা বলা হয়।[১৩]

মানহাজ, নেতৃত্ব, অর্থনৈতিক প্রকল্প, সামগ্রিক পরিকল্পনা এসব নেতৃত্বের কাজ। এগুলো যারা নেতা হবে তাদের দায়িত্ব। কিন্তু অন্যান্য সদস্যদের থেকে কি চাওয়া?

সদস্যদের থেকে একমাত্র চাওয়া হচ্ছে শ্রবণ ও আনুগত্য -সামরিকতা- অর্থাৎ তার কাছে যখন কোনো আদেশ আসবে তখন সেটা ভালোভাবে বুঝবে ও বাস্তবায়ন করবে। তার কাছে পূর্ণ বিশ্বাস থাকবে যে, তার নেতৃত্ব কখনোই তাকে শরিয়তের বাহিরে আদেশ দিবেনা। এমনকি কখনো যদি কোন অস্পষ্ট বিষয়ে আদেশ দেন তখন তার সামনে দলিল উপস্থাপন করবে, ফলে দলিল স্পষ্ট হওয়ার পর সে তা বাস্তবায়ন করবে এবং কখনোই অভিযোগ বা অসন্তুষ্টি প্রকাশ করবে না।

যেমনটা প্রশাসনিক বাহিনীতে বলা হয় (তুমি আদেশ পরিপূর্ণ পালন করো কোন দ্বিধা বা অভিযোগ করা ব্যতীত)। প্রত্যেকটা প্রশাসনিক বাহিনীতে এটাই নিয়ম, (আগে বাস্তবায়ন করো অতঃপর প্রশ্ন করো)। অনেক আফসোসের সাথে বলতে হয়, এই ধরনের শ্রবণ ও আনুগত্যের মানসিকতা -বাস্তবতা যতই তিক্ত হোক- জিহাদি সংগঠনগুলোর মধ্যে পরিপূর্ণ উপস্থিত নয়। আমি এখন পর্যন্ত যাদেরকেই দেখেছি, তারা শ্রবণ ও আনুগত্যের বাইআত দেয় প্রাচুর্যতা ও তৃপ্তির সময়ের জন্য; ইচ্ছায়-অনিচ্ছায়, কঠিন-সহজ এবং প্রাধান্য দেওয়ার ক্ষেত্রে নয়। তারা শুধু শ্রবণ ও আনুগত্যের বায়াত দেবে ইচ্ছায় এবং তৃপ্তির সময়ের জন্য। যখন আপনি তাকে এমন কোনো দায়িত্ব দিবেন যা তার কাছে প্রিয় নয়, তখন সে কষ্ট পাবে।

---

[১৩] এখানে মূল আরবীতে কী শব্দ ব্যবহার হয়েছে? এখানে কি Chain of Command –উদ্দেশ্য? সামরিকতা শব্দটি শাব্দিকভাবে মিলছে না মনে হচ্ছে।

আর যদি সেই দায়িত্বটা তার চাহিদার অনুযায়ী হয় তখন সাথে সাথে বাস্তবায়ন করবে। আরবের সমস্ত ভাইরা সাহসী এবং মুমিন -মাশাল্লাহ বারাকাল্লাহ ফীহিম- যদি আপনি তাদের বলেন যুদ্ধে যাও -যার জন্য সে প্রচন্ড আগ্রহী ও ইচ্ছুক- তখন সে দ্রুত যাবে। কিন্তু যদি আপনি তাকে বলেন, রান্না করা বা পাহারাদারি করা অথবা এমন কোন অপছন্দনীয় কাজের আদেশ দেন; তখন সংখ্যা অর্ধেকে নেমে আসবে। অবস্থা এতটাই নাজুক পর্যায়ে পৌঁছে গেছে, আপনি যদি কোন সদস্যের ব্যাপারে সন্দেহ করেন সে হয়তো গোয়েন্দা। এখন আপনি এসে আহমাদ, আলী ও যায়েদকে আদেশ দিলেন যাতে তারা সংগঠনের সদস্য 'সাইদ'কে গুম করে ফেলে। তারা বিনা প্রশ্নে তা বাস্তবায়ন করবে না বরং তাদেরকে সেই আদেশটির সকল বিষয় বুঝাতে হবে ও সকল গোপন তথ্য প্রকাশ করতে হবে। বর্তমানে এমন কোন সংগঠন নেই যারা আনুগত্যের বিষয়টাকে খুব গুরুত্বের সাথে আঁকড়ে ধরেছে।

এখন আমরা প্রশিক্ষণের স্তরে রয়েছি যেখানে সাধারনত মানহাজের ব্যাপারে সকলে ঐক্যমত থাকে। এখানে আপনি যদি বলেন; হে ভাইয়েরা, শাসককে তাকফীর করো। অমুক কাজটি বাস্তবায়ন করো বা অমুক অঞ্চল যাও। তারা বলবে আমরা শুনলাম ও আনুগত্য করলাম। কিন্তু যখনই তাদেরকে খুব কঠিন কোন কাজ দেয়া হবে যার ব্যাপারে তারা আশ্বস্ত নয়, তখন সেটা বাস্তবায়ন করবে না।

আমি সর্বশেষ কিছু কথা বলতে চাই, যা হয়তো নেতাদেরকে আশ্চর্যান্বিত করবেনা। আমি বলবঃ

সংগঠনের উপকরণগুলো সর্বনিম্ন গ্রহণযোগ্য পরিমাণ পূর্ণতা ব্যতীত কোন নেতার জন্য মানুষের কাছ থেকে শ্রবণ ও আনুগত্য চাওয়া শরীয়ত এবং বুদ্ধিবৃত্তিক দৃষ্টিতে বৈধ নয়।

অর্থাৎ যে সংগঠনের চিন্তাধারা ও মানহাজ নেই, যারা এখনো পর্যন্ত নির্ধারণ করতে পারেনি যে, শাসক কাফের নাকি কাফের নয়; শাসকের সাহায্যকারীকে হত্যা করা হবে নাকি হবে না। যারা এখনো পর্যন্ত এই বিষয়গুলো নির্ধারণ করে নি, তারা কিভাবে তাদের সদস্যদের থেকে এমন আদেশের বাস্তবায়ন চাইতে পারে যা এগুলোর সাথে সম্পর্কযুক্ত অথচ এখনও তা নির্ধারণ করেনি? কিভাবে কমান্ডার তার সদস্য থেকে বিরক্ত হতে পারে যদি তার আদেশ বাস্তবায়ন না করে?

যেই সংগঠনের নেতৃত্ব নেই বা নেতা মারা যায় তাহলে আমরা তাদের জন্য অন্য নেতা নিয়ে আসবো। কিন্তু সেখানে যদি পূর্ব থেকেই কোন নেতৃত্ব না থাকে তাহলে কিভাবে মানুষকে পরবর্তী নেতার ব্যাপারে আশ্বস্ত করব! আবু বকর রাদিয়াল্লাহু আনহু মারা যাওয়ার সময় বলে গেছেন; "আমার উপরে আমির হবে উমর" বিষয়টা সেখানেই শেষ হয়ে গেছে এবং সকলেই ওমর রাদিয়াল্লাহু আনহুর ব্যাপারে সন্তুষ্ট হয়ে গেছে। কিন্তু বর্তমানে কি কোন সংগঠন তার সদস্যদেরকে আশ্বস্ত করতে পারবে যখন তার আমির মারা যাওয়ার সময় বলে যাবে, আমার পর অমুক হবে আমির তাকে গ্রহণ করে নাও?!

উমাইয়া খলিফা সুলাইমান বিন আব্দুল মালিক মারা যাওয়ার সময় একটা কাগজের মধ্যে পরবর্তী খলিফার নাম "ওমর ইবনে আবদুল আযীয' লিখলেন এবং তার উজীরদের শর্ত দিলেন, যাতে তারা এই কাগজের ভিতরের নামের ব্যক্তিকে না জেনেই বায়আত দেন। তখন তারা পূর্বের আমিরের কথা মেনে নেয় এবং নতুন খলিফাকে গ্রহণ করে নেয়। যদিও উমর ইবনে আব্দুল আজিজ তাদের মধ্যে সর্বোত্তম ব্যক্তি ছিলেন -ইহা আলোচ্য বিষয় নয়- আলোচ্য বিষয় হচ্ছেঃ যদি পূর্বে আমির না থাকে তাহলে মানুষ কিভাবে তাদের পরবর্তি নেতাকে গ্রহন করবে?

তৃতীয় উপাদানের ক্ষেত্রে কথা হচ্ছে, যার কাছে অর্থনৈতিক প্রকল্প নেই ও যারা মানুষকে খাওয়াতে পারে না; সাধারণ বুদ্ধিতে চিন্তা করলেও বুঝা যায়, তার জন্য মানুষের কাছে এমন আনুগত্য আশা করা উচিত না যা তার ভবিষ্যৎকে কষ্টকর করে তুলবে এবং আদেশ বাস্তবায়নের পরবর্তী সময়ে জীবন যাপনের ব্যয়ভার বহনের কোন কিছুই তার কাছে থাকবে না।

সংগঠনের চতুর্থ উপাদানের ব্যাপারে, যা এক কাজ থেকে আরেক কাজে ঘুরতে থাকে, এক ফ্রন্ট থেকে আরেক ফ্রন্ট এবং এক আন্দোলন থেকে আরেক আন্দোলনে দৌড়াতে থাকে; কিভাবে মানুষকে তার সাথে চলার জন্য আশ্বস্ত করবে অথচ মানুষ তাকে জিজ্ঞেস করবে, "হে ভাই আপনি কি করছেন? আপনার পরিকল্পনা কি বা আপনি কি চান?

আমি শরীয়তের অবস্থান থেকে বলব, কোন জামাতের জন্য মানুষের কাছ থেকে বায়আত নেওয়া এবং তাদের শ্রবণ ও আনুগত্যের আবশ্যকীয়তার জন্য সর্বনিম্ন শর্ত হচ্ছে, একটি শরিয়াসম্মত মানহাজ প্রকাশ করা। তারা তখন মানুষকে বলবে

আমরা এই মানহাজে আপনাদেরকে পরিচালিত করব। কিন্তু তারা যদি কোন মানহাজ দেখাতে না পারে তাহলে তাদের জন্য কোন শ্রবণ বা আনুগত্য থাকবে না। কেননা মানুষ কখনো খরকুটার মানহাজ অনুসরণ করে না, যেখানে হালাল এবং হারাম স্পষ্ট নয়।

তেমনি ভাবে সেই সংগঠনের শ্রবণ ও আনুগত্য গ্রহণ করা হবে না, যাদের কাছে নেতৃত্ব নেই, সম্পদ নেই বা স্পষ্ট পরিকল্পনা নেই। এখন আমরা সংগঠনের প্রথম উপাদান ব্যাখ্যা করব ইনশাআল্লাহ।

মানহাজ

এখন আমরা মানহাজের বিষয়ে বিস্তারিত আলোচনা করব, এটা সবচেয়ে স্পর্শকাতর এবং গুরুত্বপূর্ণ উপাদান; কেননা যে সংগঠন সমস্যাযুক্ত মানহাজের উপর প্রতিষ্ঠিত হয়েছে সেটা কখনো প্রতিষ্ঠিত হবে না এবং সেটা খারাপ ফলাফল ব্যতীত অন্য কোথাও পৌছবে না। কেননা আল্লাহ তায়ালা পাপাচারীদের কাজকে কখনই সফল করেন না।

আমার কাছে যে গবেষণাটি রয়েছে সেটা শরয়ী সিয়াসতের মানহাজের নমুনা হিসেবে কিছু ভাইকে দিয়েছিলাম। এই গবেষণাটি করেছিলাম যাতে আমি এবং কিছু ভাই উপকৃত হতে পারি এবং এমন কিছু দল ও সংগঠনকে দিতে পারে যারা এখনো মানহাজ উপস্থাপন করতে পারে নি।

মিশরের জামাতুল জিহাদের[১৪] বিস্তারিত পর্যালোচনা করার পর এই গবেষণাটি করেছি এবং ছাপিয়েছি –আলোচনা-পর্যালোচনার জন্যে-। জামাতুল জিহাদ হচ্ছে সেই জামায়াত গুলোর মধ্যে একটি যারা শরয়ী সিয়াসতের মানহাজকে খুব ভালোভাবে পরিপূর্ণ করেছে।

[১৪] শায়খ আইমানের জামাআহ। কিছুটা বিস্তারিত টীকা যুক্ত করতে হবে।

তেমনি ভাবে মিশরের জামায়াতুল ইসলামিয়া[১৫], যারা তাদের মানহাজ "মিসাকুল আমালিল ইসলামী"[১৬] কিতাবের মধ্যে সংক্ষেপে আলোচনা করছে। তারা সেখানে মানহাজের উত্তম নমুনা পেশ করেছেন। তেমনি সিরিয়ার ডাইরির[১৭] মধ্যে মানহাজের আলোচনা আছে, যাতে শরীয়াহর দৃষ্টিকোণ থেকে কোন সমস্যা নেই বা সিয়াসাতুশ শরিয়াহর দৃষ্টিতেও সমস্যা নেই। এটা ছিল সিরিয়ার মুজাহিদ ভাইদের মানহাজ যাকে তারা পরবর্তী আরো উন্নতি করেছিল। তেমনি ভাবে আমি আরো অনেক মানহাজের ব্যাপারে জেনেছি, যার মধ্যে রয়েছে মোহাম্মদ সুরুর বা সুরুরিয়্যাহ জামাত। এছাড়া আরও অনেক ছোট-বড় জামাত।

আমরা যে সমস্ত জিহাদী জামাতের মধ্যে কিছু সামষ্টিক বিষয় রয়েছে; যেমন তারা সবাই সশস্ত্র কার্যক্রমের দাবিদার এবং ইসলামী শাসন ফিরে আনতে হিংস্রতা ব্যবহারে সন্তুষ্ট। তেমনি ভাবে আমি মানহাজের নমুনা হিসেবে যে মূল উপাদানগুলো চয়ন করেছি তার মধ্যেই কিছু সামষ্টিক বিষয় রয়েছে। স্বাভাবিকভাবেই এই বিষয়গুলোকে উপস্থাপনের পূর্বে কিছু আলেমদের কাছে পেশ করা হয়েছে, কেননা শরীয়তের সাথে সম্পর্কযুক্ত কোন বিষয়ে আলেমদের কাছে যাচাই ব্যতিত গ্রহন করার দুঃসাহস আমি দেখাতে পারি না। অনেক পরিবর্তন হয়ে সর্বশেষ বর্তমান অবস্থানে এসে পৌঁছেছে, যেটা আমি খুব দ্রুত আপনাদের সামনে পাঠ করবো। যদি এখানে কোন মন্তব্য থাকে তাহলে তা উপস্থাপন করব।

আলোচনার শিরোনাম হচ্ছে (শরয়ী সিয়াসতের মানহাজের মূলনীতি ও মৌলিক বিষয় সমূহ - লেখক মুজাহিদ ফি সাবিলিল্লাহ)

ইসলামী আন্দোলনগুলো এখনো তাদের লক্ষ্যে পৌঁছতে না পারার কারণঃ

আমি আলোচনা করার চেষ্টা করেছি কেন ইসলামী জামায়াতগুলো এখনো শরীয়াহ প্রতিষ্ঠার লক্ষ্যে পৌঁছাতে পারেনি। অনেক জামায়াত আছে যেগুলোর প্রতিষ্ঠার ৭০

---

[১৫] শায়খ উমার আব্দুর রাহমানের জামাআহ। কিছুটা বিস্তারিত টীকা যুক্ত করতে হবে

[১৬] এ কিতাবের বাংলা ও ইংরেজি অনুবাদ আছে। In pursuit of Allah's pleasure/আল্লাহর সন্তুষ্টির সন্ধানে

[১৭] এটি কি শায়খ আবু মুসআবের লিখিত কোন কিতাবের নাম'? তাহলে মূল আরবী নাম যুক্ত করতে হবে। এবং লিঙ্ক।

বছর পার হয়ে গেছে, যেমন ইখওয়ানুল মুসলিম ও তার সাদৃশ্য দলগুলো। এখানে অনেক জিহাদী জামাত আছে যেগুলো প্রতিষ্ঠার ১৫ থেকে ২০ বছর হয়ে গেছে। এই সময়টা লক্ষ্যে পৌঁছানোর জন্য যথেষ্ট ছিল। কেননা অনেক দেশ বিশ্বযুদ্ধের ফলে একেবারে ধ্বংস হয়ে গিয়েছিল কিন্তু ২০ থেকে ২৫ বছরের ভিতর আবার উঠে দাঁড়াতে সক্ষম হয়ে। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দাওয়াত শুরু থেকে রাষ্ট্র প্রতিষ্ঠা পর্যন্ত মাত্র কয়েক বছর সময় লেগেছে। কিন্তু আমরা কেন হোঁচট খাচ্ছি? কোন সন্দেহ নাই আল্লাহ তায়ালা কখন জয়ী হব ও কখন পরাজিত হবে তা লিখে রেখেছেন, তাকদীরের বিষয়টি আমরা অস্বীকার করছি না। কিন্তু আসবাবের জগতে কেন এখনও আমরা লক্ষ্যে পৌঁছাতে পারিনি?

আমার মত হচ্ছে, আমি ইসলামী জামাতগুলো -জিহাদী হোক বা অজিহাদী- চারটি গর্তের যেকোনো একটিতে পতিত হয়েছে, যা তাদের ফলাফলে না পৌঁছার মূল কারণ ছিলঃ

প্রথম কারণঃ মানহাজ বিনষ্টতা

প্রথম ও মূল সমস্যা হচ্ছে, ইসলামের সঠিক মানহাজ থেকে দূরে থাকা এবং কিতাব ও সুন্নতের পরিপূর্ণ অনুসরণ না করা। স্বার্থ, বুদ্ধির চাহিদা এবং নেতাদের স্বার্থের মানসিকতাকে ইসলামী শরিয়ার নীতিমালার ওপর প্রাধান্য দেওয়া। অর্থাৎ ইসলাম আন্দোলন প্রতিষ্ঠা করার পর নিজেদের চাহিদা ও স্বার্থের অনুসরণ করা এবং সেটাকেই তাদের মূলনীতি বানিয়ে ফেলা।

আমি এই ধারার অনেক বড়দের সাথে সাক্ষাত করেছি ও কথা বলেছি। এক নেতা আমাকে বলছিল "প্রথমে স্বার্থ অতঃপর শরীয়ত" অর্থাৎ তার চাহিদা অনুযায়ী শরিয়ত হবে। এখন সে যদি পার্লামেন্টে নিজের স্বার্থ দেখতে পায় বা ইয়াহুদী-নাসারাদের সাথে বন্ধুত্বের মধ্যে স্বার্থ খুঁজে পায় অথবা অন্য কোন বিষয়ে স্বার্থ খুজে পায়; তাহলে এটা বৈধ ও তা বাস্তবায়ন করতে হবে।

এই নীতি বাস্তবায়নের ক্ষেত্রে সবচেয়ে প্রসিদ্ধ হচ্ছে ইখওয়ান, যারা এই পদ্ধতিতে পার্লামেন্টে প্রবেশ করেছে। আমি বিশ্বাস করি, এই ব্যক্তিরা কখনোই লক্ষ্যে পৌঁছতে পারে নি ও পারবে না। আমাদের কাছে কিতাব-সুন্নাহ থেকে দলিল আছে, তারা কখনোই লক্ষ্যে পৌঁছাতে পারবে না। যদি কখনো তাদের কোন ধরনের

ক্ষমতা প্রতিষ্ঠা হয় যেমনটা সুদান ও সুদানের বাইরে হয়েছে; তাহলে সেটা একেবারেই সীমাবদ্ধ থাকবে। তখন এই ব্যক্তিরা হয়তো তাদের কাজ থেকে ফিরে আসবে এবং ইসলামের সঠিক মানহাজকে প্রতিষ্ঠা করবে অথবা তাদেরকে কয়েক বছরের ভিতর ধ্বংস করে দেয়া হবে।

এমনকি আলজেরিয়ান ভাইয়েরা যখন বিজয়ের সর্বোচ্চ চূড়ায় ছিল এবং শহরগুলো উৎসবে প্লাবিত করছিল, তখন আমরা বলেছিঃ অবশ্যই এদের পতন হবে। তখন কেহই এই ধরনের কথা শুনতে চাইত না। আমরা তাদেরকে বলতামঃ (নিশ্চয়ই আল্লাহ তা'আলা পাপাচারীদের কাজকে ইসলাহ করেন না) অতঃপর বাস্তবেই একটা সময় তাদের বিরুদ্ধে অভ্যুত্থান হয়েছে এবং তাদেরকে বিচ্যুত করা হয়। এটা ছিল আল-জাজায়েরের জনগণের প্রতি আল্লাহ তাআলার রহমত। আল্লাহর কাছে প্রার্থনা করছি তিনি যাতে অহংকারীদের ধ্বংস তাড়াতাড়ি দেন।

দ্বিতীয় কারণঃ বাস্তবতা না বুঝা

লক্ষ্যে পৌঁছতে না পারার দ্বিতীয় কারণ হচ্ছে সমসাময়িক বাস্তবতা বুঝতে না পারা। অর্থাৎ এই প্রকারের ব্যক্তিরা প্রথম গর্ত থেকে বেঁচে গিয়েছে এবং কিতাব-সুন্নাহকে আকড়ে ধরেছে। কিন্তু তারা দ্বিতীয় গর্তে পতিত হয়েছে; তা হল সমসাময়িক বাস্তবতা এবং দাওয়াহ ও তার অনুসাংগিক পরিবেশ বোঝা থেকে দূরে থাকে। সেই সাথে শুধু শরিয়তের মানহাজ ও দলিলের অনুসরণ নিয়ে ব্যস্ত থাকা, যার ফলে তারা বাস্তবতা থেকে দূরে শরিয়াহর মূলনীতির মাঝেই ঘুরপাক খেতে থাকে। এই সমস্যায় অনেক ইলমি ধারার ব্যক্তিরা পতিত হয়েছে। অর্থাৎ অনেক উলামা ও দায়ীদের জামাত এতে পতিত হয়েছে। তেমনি ভাবে যে সমস্ত উলামারা কোন জামাতের সাথে নেই তাদের অধিকাংশ এই গর্তে নিপতিত হয়েছে; তা হল কুরআন-সুন্নাহর নসের সাথে সমসাময়িক বাস্তবতার সাথে মিল না থাকা।

শরিয়াতের দলীলকে বাস্তবতার সাথে না বুঝার কারণে তারা সঠিক লক্ষ্যে পৌঁছাতে পারেনি বরং চরম ব্যর্থ ফলাফলে পৌঁছেছে। যেমনটা জামইয়্যাহ তুরাস[১৮] ইরাকি প্রশাসন ও কাফের শাসকদের ফাঁদে পড়েছে। যেমনি ভাবে শায়খ আলবানী

[১৮] সংক্ষিপ্ত টীকা

তার কিছু ফতুয়ায় এ ধরনের বিপদে পড়েছে, যেমনটা আমি পূর্বে উল্লেখ করেছি। এই ব্যক্তিরা এমন কিছু সমস্যার সম্মুখীন হয়েছে যেগুলো তাদের সত্য পথে পৌছার বাধা হিসেবে গণ্য করা হয়। এর মূল কারণ হচ্ছে তারা শরীয়তের দলিল গুলোকে সমসাময়িক বাস্তবতার সাথে মিলিয়ে বুঝার চেষ্টা করিনি, ফলে তারা লক্ষ্যে পৌঁছাতে পারেনি।

তৃতীয় কারণঃ জিহাদ থেকে বসে থাকা

তৃতীয় জামাত হচ্ছে, যারা কিতাব-সুন্নাহকে আকড়ে ধরেছে এবং সমসাময়িক বাস্তবতার ব্যাপারে তাদের অনেক জ্ঞান রয়েছে। এর পরেও তারা তৃতীয় গর্তে পতিত হয়েছে, যা হল বাস্তব জিহাদ থেকে বসে থাকা। অর্থাৎ তারা বুঝে কিন্তু যা বুঝেছে তা বাস্তবায়ন করে না এবং যা বুঝেছে তা বাস্তবায়নের ইচ্ছাও রাখে না। ফলে তারা বাস্তব জিহাদ থেকে বসে থাকা, ত্যাগ-কুরবানী থেকে দূরে থাকার গর্তে পতিত হয়েছে। তারা দীর্ঘ মেয়াদি ঘাঁটি তৈরি করার দাবিতে বসে থাকার কৌশল গ্রহণ করেছে, যদিও কুরআন সুন্নাহ অনুযায়ী শরীয়তের মানহাজ এবং বাস্তবতার বুঝ তাদের কাছে অনেক বিশাল পরিমাণে রয়েছে।

এমন বসে থাকার মানসিকতা অনেক কম দলের রয়েছে, অর্থাৎ অনেক কম দলই আছে যারা শরীয়তের সঠিক বুজ ও সেটা সমসাময়িক বাস্তবতার সাথে সংযুক্ত করা সত্বেও জিহাদ করতে চায়না। আমি মানহাজী হিসেবে প্রত্যেককে তার নামে নামকরণ করি ও স্পষ্টতার জন্যে উদাহারণ দেইঃ

সুরুরীদের মানহাজ এবং মুহাম্মাদ সুরুরের সাথে শাইখ আবু মুসআবের সাক্ষাতঃ

যে জামাতে আমি এই নমুনার পরিপূর্ণ বাস্তবায়ন দেখেছি তা হচ্ছে মুহাম্মাদ সুরুরের[১৯] জামাত। যখন আমি জর্ডানে ছিলাম তখন এই জামাতের সাথে আমার সরাসরি সম্পর্ক ছিল। অতঃপর সিরিয়াতে জিহাদের ক্ষেত্রে আমরা তাদের সাথে একত্রে কাজ করেছি। এক সময় সরাসরি সুরুরের সাথে আমি সাক্ষাৎ করি এবং

[১৯] কিছুটা বিস্তারিত টীকা। ব্যক্তি ও তার জামাআতের ব্যাপারে

তার সাথে এই বিষয় নিয়ে অনেক বিতর্ক ও আলোচনা করি। আমি আপনাদের সামনে এসে আলোচনার সারসংক্ষেপ উপস্থাপন করছি।

আমি জামাতে সুরুরের মানহাজে অনেক মুগ্ধ এবং তা শাইখ সুরুরকে সাক্ষাতে বলেছিঃ আমি চাই যেই যুবকদের আমি নির্দেশনা দেয়া তারা যাতে জামাতে সুরুরের প্রকাশনাগুলো আত্বস্ত করে। অর্থাৎ জামাতে সুরুরের প্রকাশনা গ্রহন করা হবে, দরস দেয়া হবে ও তার থেকে উপকৃত হওয়া যাবে। তবে আপনারা কখনো তা বাস্তবায়ন পর্যন্ত পৌঁছাতে পারবেন না অথবা তাদের কথার উপর ভিত্তি করে কোন কাজ করতে পারবেন না। আমি এর কারণ ব্যাখ্যা করব।

আমি মোহাম্মাদ সুরুরের সাথে ৬ ঘণ্টা আলোচনা করেছি, এখানে শুধু স্পষ্ট হওয়ার জন্য কিছু উদাহরণ উপস্থাপন করব। আমি আশা করব সেই দলের প্রতি মুগ্ধ ব্যক্তিদের অন্তর যাতে আমার কথায় সংকির্ণ না হয়। তবে বাস্তবেই তারা অনেক ভালোভাবে কুরআন এবং সুন্নাহর আঁকড়ে ধরেছে এবং বাস্তবতা বুঝতে পেরেছে, যা তাদের প্রকাশিত ম্যাগাজিনগুলো থেকেই স্পষ্ট।

শাইখ সুরুরের সাথে আমার আলোচনার সারমর্ম হচ্ছে আমরা সকল বিষয়ে একমত হয়েছিলাম তবে তিনটা বিষয় ব্যতীতঃ

প্রথমতঃ তারা শাসকদেরকে নির্দিষ্ট তাকফির করে না। আমি ওনার সাথে ৬ ঘণ্টা আলোচনা করে শেষ পর্যন্ত হোসনি মোবারকের ব্যাপারে ঐক্যমতে পৌঁছেছি। কিন্তু যখনই আমি আরব শাসক এবং তাদের মত ব্যক্তিদের পর্যন্ত পৌছালাম তখন তিনি একেবারে পরিপূর্ণ অস্বীকার করে বসলেন এবং বললেন; সেখানে দলগত তাকফীর এবং নির্দিষ্ট তাকফীরের মধ্যে পার্থক্য রয়েছে। তিনি কাউকেই নির্দিষ্ট চাকরি করতে চান না। আমি বলি; যে শাসককে তাকফির করতে চায় না সে যেন নিজের উপর উপহাস করে, যদি সে কোন দল প্রতিষ্ঠা করতে চায় বা বায়আত নিতে চায়। কেননা শাসক কাফের না হওয়ার অর্থ হচ্ছে তারা মুসলিম ও জালেম। যদি বিষয়টা এমনই হয় তাহলে তারা শরিয়াতের বৈধ শাসক, ফলে তার বিরুদ্ধে গিয়ে কোনো বায়আত গ্রহণ করা বা দল প্রতিষ্ঠা করা জায়েজ নয়। সে যদি হাজ্জাজের মত বা তার থেকে নিকৃষ্ট মুসলিম হয়, তাহলেও কিসের ভিত্তিতে আমরা দল প্রতিষ্ঠা করব? মুসলিম শাসকের উপস্থিতিতে দল প্রতিষ্ঠার ফল হচ্ছে হাদিসের ভাষ্যমতেই তাদের ঘাড়ে আঘাত করা আবশ্যক। অর্থাৎ সব জামাতের আমীর গর্দান ফেলে দেওয়া আবশ্যক, এটা হচ্ছে প্রথম পয়েন্ট।

দ্বিতীয়তঃ ইহা তার থেকেও ভয়াবহ। তার মত হচ্ছে, দলগত মুরতাদ বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করা যাবে না যতক্ষন পর্যন্ত তাদের মধ্যে কোন মুসলিম থাকবে, এটা তাদের কাছে প্রসিদ্ধ একটি ফতোয়া। তারা বলে, কিভাবে আপনি এমন মানুষের সাথে যুদ্ধ করবেন যাদের মধ্যে মুসলমান রয়েছে? গোয়েন্দা বাহিনীর মধ্যে মুসলিম থাকার সম্ভাবনা রয়েছে, সামরিক বাহিনীর মধ্যে অবশ্যই মুসলিম আছে; তাহলে কিভাবে আপনি মানুষকে এই বিপদে ফেলে দিচ্ছেন?

আমি তাদেরকে বললামঃ মানুষ এটাকে অজুহাত হিসেবে গ্রহণ করছে এবং আমাদেরকে বন্দি করছে ও আমাদের সম্মান লুণ্ঠন করছে।

তিনি বললেনঃ আমরা কখনোই ততক্ষণ পর্যন্ত অস্ত্র ধারণ করতে পারবোনা যতক্ষণ না এই মাসআলা মানুষের কাছে একেবারে স্পষ্ট হয় এমনকি সাধারণ জনগণ, মহিলা ও অক্ষমদের কাছেও জানা থাকবে। প্রত্যেকটা মানুষের কাছে তাগুতের সাহায্যকারীদের বিরুদ্ধে যুদ্ধের বিষয়টা স্পষ্ট থাকতে হবে, তখনই তাদের বিরুদ্ধে যুদ্ধ করা বৈধ হবে। অর্থাৎ তারা দলগত মুরতাদদের বিরুদ্ধে যুদ্ধকে জায়েজ বলে না।

তৃতীয়তঃ সাংগঠনিক পূর্ণতা পর্যন্ত জিহাদ জায়েজ নয়।

স্বাভাবিক দৃষ্টিতে এ কথাটি সত্য। স্ট্রেটেজিক পরিকল্পনা হিসেবে তা আবশ্যক। তবে সে বলছেঃ কোন জামাত স্বয়ংসম্পূর্ণ অর্থনৈতিক শাখা ব্যতিত যুদ্ধে স্তরেই প্রবেশ করতে পারবে না। মিডিয়া শাখায় পত্রিকা-ম্যাগাজিন থাকতে হবে। সামরিক শাখা, মানহাজের শাখা ইত্যাদি সবকিছু পূর্ন থাকবে ... এক কথায় একটি রাষ্ট্র। অর্থাৎ জিহাদ শুরুর জন্য তাদের পরিকল্পনা একটি বাস্তব রাষ্ট্র গঠন।

আমি তাকে বললামঃ হে শাইখ, এ কথাগুলো অনেক সুন্দর। কিন্তু আপনি যদি কোন রাষ্ট্রের দিকে তাকান তাহলে দেখবেন এই নিতি বাস্তবায়নের অনুপযুক্ত। আমাকে পুরা বিশ্বের ৫ সে.মি. জায়গা দেখান যেটাকে আমি ব্যবহার করতে পারব এবং এমন অর্থনৈতিক প্রতিষ্ঠান তৈরি করতে পারব যাতে কোনো ভয় থাকবে না। সেখানে আমি মিডিয়া সংস্থা খুলে সব বিষয়ে কথা বলব কিন্তু গ্রেফতারের শিকার হব না।

আমি তাকে আরও বললাম, সাদ্দাম হুসাইন এর ব্যাপারে কথা বলতে গিয়েই আপনি অনেকটা সংকোচ বোধ করছেন, কিন্তু যদি আমি বাদশা ফাহাদের ব্যাপারে আপনার সংস্থা থেকে পাঁচ মিনিট কথা বলি তাহলে সেটার কি হবে? আমরা যদি মিশরে বা মরোক্কোতে অথবা অন্য কোন দেশে যাই, আমরা কি এই বিষয়গুলো পরিপূর্ণ করতে পারব?

তিনি বললেনঃ যদি পূর্ণ করতে না পারি তাহলে আমরা জিহাদ শুরু করব না।

আমি তাকে বললামঃ কিন্তু আমরা শুরু করব এবং একসময় তা পরিপূর্ণ হয়ে যাবে, আমরা যতটুকু না হলেই নয় ততটুকু গ্রহণ করব যাতে একসময় বাকিটা পরিপূর্ণ হয়ে যায়।

তখন তিনি বললেনঃ তোমাদের মত যুবকরাই সমস্ত বিপদ এর মূল। তোমরাই দাওয়াতের পরিবেশকে নষ্ট করেছ এবং তোমরা এই সমস্ত কাজ করেছো। আমি যুবকদের বিরুদ্ধে এবং যুবকদের নেতৃত্বের বিরুদ্ধে। আমার সাথে কাজের জন্য শর্ত হচ্ছে নেতৃত্বের মধ্যে একজন যুবকও থাকতে পারবে না।

এটা হচ্ছে আমার সাথে ওনার প্রথম সাক্ষাৎ।

তারপর সমস্ত কথা আমি পেশোয়ারে প্রচার করলাম। তখন এখানে সারুরী জামাতের কিছু ব্যক্তি শাইখের কাছে এই তথ্য পৌঁছায় যে, আমি তার মতামত এখানে প্রচার করছি। ফলে তিনি অনেক অসন্তুষ্ট হন এবং বলেন; আমি উনার কথাগুলো ভুল বুঝেছি। আল্লাহর ইচ্ছায় কয়েক মাস পর আবার তার সাথে সাক্ষাৎ হয় এবং একই বিষয় নিয়ে কথা বলি। আমি তাকে বললামঃ হে শাইখ, আপনার কথা অনুযায়ী আমি ভুল বুঝেছি, তাই আমি আমার ভুল শুধরাতে এসেছি। আমি অন্য শহর থেকে ৫০০ কিলো পথ পাড়ি দিয়ে এসেছি, আমার আসার একমাত্র উদ্দেশ্য হচ্ছে সেই ভুলগুলো শুধরে নেওয়া।

তখন আমরা মাত্র পাঁচ মিনিট কথা বলি, আমি উনাকে বললামঃ আমি আপনার কাছ থেকে তিনটা বিষয় শুধরাতে এসেছি যা আপনার থেকে বুঝেছি; শাসককে তাকফীর, দলগত মুরতাদ বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ এবং সংগঠন পূর্ণতা।

প্রথমেই তিনি জবাব দিলেন: তোমার চিন্তা শুদ্ধ করা আমার কাছে গুরুত্বপূর্ণ নয়, এবং আমার থেকে তোমার সঠিক জিনিস গ্রহণ করাও গুরুত্বপূর্ণ নয়, মৌলিকভাবে তুমিই আমার কাছে গুরুত্বপূর্ণ নও।

আমি বললামঃ ঠিক আছে ভালো, এখানে এসেছিলাম আমার বোঝকে সঠিক করে নিতে। এখন আমাকে যদি আপনার কাছে কোন কিছুই মনে না হয় তাহলে আমি অন্য রুমে আমার স্ত্রীর সাথে সময় কাটাই, সেটাই আমার জন্য উত্তম হবে।

তখন তিনি বললেনঃ তুমি বের হওয়ার আগে এই বিষয়ে আহলুস সুন্নাহ ওয়াল জামা'আতের মাযহাব তোমাকে বুঝাতে চাই।

আমি বললামঃ ঠিক আছে। অর্থাৎ তিনি এখানে আহলে সুন্নাহ ওয়াল জামায়াতের মুখপত্র হিসেবে কথা বলছেন। তখন আমি জিজ্ঞেস করলামঃ

প্রথম মাসআলায় আহলে সুন্নাহ ওয়াল জামাতের মতামত কি; শাসককে তাকফির করা?

আমাকে বললেনঃ আহলুস সুন্নাহ ওয়াল জামা'আতের মাযহাব হচ্ছে তারা আল্লাহর বিধান দ্বারা শাসন ত্যাগকারী প্রশাসনকে তাকফীর করে। কিন্তু স্বয়ং শাসককে তাকফীর করার ক্ষেত্রে আহলে সুন্নাহর দুইটা মাযহাবঃ প্রথম মাযহাব তারা শাসককে কাফের বলে, দ্বিতীয় মাযহাব তারা তাকে অজ্ঞতার উজর দেয়।

আশ্চর্য! আমি মানুষকে শুনেছি শাসককে তাকফীর না করতে। কিন্তু আজ পর্যন্ত কেহ শাসককে অজ্ঞতার উজর শুনি নি। কেননা শাসক হওয়ার শর্ত হচ্ছে জ্ঞানী হওয়া। আমি তাকে বললাম; এই বিষয়ে আমি আপনার সাথে বিতর্ক করবো না, কিন্তু আমি আপনাকে একটি প্রশ্ন করছি তা হল, এই দুই মতের মধ্যে আপনার নির্বাচন কোনটা?

তখন বললেনঃ "হে ভাই, এটা তো গোয়েন্দাদের জিজ্ঞাসাবাদ!" মূল কথা হচ্ছে আমাদের সাক্ষাৎ বিতর্ক এবং কঠিন কথার মাধ্যমে শেষ হয়।

আমি সংক্ষেপে বলছি, এই দলের মানহাজ শুদ্ধ ও শরীয়তের অনুসরণকারী এবং বাস্তবতাও তারা বুঝতে পেরেছে। কিন্তু বর্তমান অবস্থা হচ্ছে, তারা জিহাদ করতে চায় না। আল্লাহর কাছে দোয়া করি যাতে তিনি মুসলিমদের সমস্ত জামাতকে পরিশুদ্ধ করে দেন। এটা হচ্ছে এমন জামায়াতের নমুনা যারা বাস্তবতার বুঝ এবং মানহাজ পূর্ণ করেছে, কিন্তু তাদের নেতৃত্ব বাস্তব জিহাদ প্রতিষ্ঠিত করতে অক্ষম।

সৌদি আরবের শাইখ সফর আল হাওয়ালির[২০] ক্ষেত্রেও এমনটাই ঘটেছে। যখন তিনি হকের চার ভাগের তিন ভাগ প্রকাশ করেছেন অতঃপর রাস্তা থেকে কেটে পড়েছেন। তিনি ছিলেন সুরুরী জামায়াতের আলেমদের একজন। যে ব্যক্তি এত হক কথা বলেছে, পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে তার কি অভাব ছিল?

যার শরীয়তের এত বোঝ রয়েছে, বাস্তবতার এত বোঝ রয়েছে; সেই কথাগুলো বিদ্যমান শাসকের উপর প্রয়োগ করতে তাদের কিসের বাধা? এরপর আমাদের কাছে এসে চারটি শব্দ বলবে "রাষ্ট্র দখলকৃত, প্রশাসন কাফের ও জিহাদ আবশ্যক"। প্রথম দ্বিতীয় ও তৃতীয় অংশের আলোচনার সাথে এই কথার কি ভিন্ন কোনো ফলাফল আছে? কিন্তু এখানে এসেই তারা থেমে যায় এবং রাস্তা থেকে কেটে পড়ে। যে সমস্ত ব্যক্তিরা এই মানহাজের অনুসরণ করে তারা কখনোই লক্ষ্যে পৌঁছাতে পারবে না, এটাই হচ্ছে নিশ্চিত কথা। আমরা এই উদাহরণ ব্যবহার করতে বাধ্য হয়েছি কেননা এই উদাহরণটি ছিল স্পষ্ট, বিষয়টি ছিল বাস্তব এবং আল্লাহর সামনে আমি এই ব্যাপারে সাক্ষ্য দিতে পারব ও যে ইচ্ছা তার সাথে আলোচনা করতে পারব। আমি বাস্তবেই সেই ব্যক্তিকে বুঝতে চেয়েছিলাম, সর্বশেষ এই বিষয়ে সারসংক্ষেপ এমনটাই পেয়েছি।

চতুর্থ কারণঃ পর্যাপ্ত প্রস্তুতি না থাকা

চতুর্থ স্তর নিয়ে আলোচনা করব যারা হচ্ছে আমরা। আমরা নিজেদেরকে জিহাদী জামাত হিসেবে গণ্য করি কিন্তু কার্যক্রমের মাধ্যমে এখনো কাংক্ষিত ফলাফলে পৌঁছাতে পারি নি। আমরা সালাফদের মানহাজ বুঝেছি, বাস্তবায়ন করেছি, কাজের ভিত্তি হিসেবে গ্রহণ করেছি এবং বিশ্বাস করেছি। শেষ পর্যন্ত জিহাদ বাস্তবায়নের স্তরে পৌছেছি।

এমন কিছু জামাত আছে যাদের মানহাজ শরিয়াহ অনুযায়ী এবং তারা তা বাস্তব জিহাদের ময়দানে তা প্রয়োগ করেছে, কিন্তু সত্যিকারের প্রস্তুতি ব্যতীত। সত্য কথা হচ্ছে আমরা এখনো আবশ্যকীয় পরিমাণ প্রস্তুতি গ্রহণ করিনি এবং আসবাবের জগতে প্রস্তুতি ছাড়াই ময়দানে নেমে গেছি। সম্ভবত আমরা ভালো নিয়ত, ইখলাস,

[২০] ব্যক্তি এবং সৌদির সাহওয়াহ আন্দোলন নিয়ে কিছুটা বিস্তারিত টিকা।

ঈমান এবং ভাল আখলাককে মূল হিসেবে গণ্য করি। কিন্তু প্রস্তুতির ক্ষেত্রে আরো অনেক বিষয় রয়েছে যা আমার সংগঠনের মূল উপাদানের আলোচনায় উল্লেখ করেছি।

ভাইয়েরা, আমরা যদি নিজেদের সমালোচনা না করি তাহলে কখনোই আমরা আমাদের ভুলগুলো চিহ্নিত করতে পারবোনা। আমরা অন্যদেরকে পর্যাপ্ত পরিমাণ সমালোচনা করেছি এবং বিস্তারিত বর্ণনা করেছি যে তারা সবাই ভুলের মধ্যে আছে। সর্বশেষ বলেছি আমরাই পরিপূর্ণ সঠিক মানহাজের অধিকারী। কিন্তু আমাদের বাস্তবায়ন সঠিক হচ্ছে না। আমরা জিহাদের সাথে এমন পদ্ধতিতে আচরণ করছি যা বেদুইনদের পদ্ধতি থেকেও খারাপ।

আমাদের মানহাজ এখনো অপূর্ণাঙ্গ। সম্ভবত জিহাদী দলগুলো মানহাজের শরয়ী দিক থেকে অনেক পথ পাড়ি দিয়েছে কিন্তু রাজনৈতিক ও জ্ঞানের ক্ষেত্রে পর্যাপ্ত পরিমাণ রাস্তা পাড়ি দিতে পারেনি। এখনো পর্যন্ত আমি বলব এই বিষয়ে অনেক বেশি অবহেলা রয়েছে।

তেমনি নেতৃত্বে ক্ষেত্রে ডঃ আব্দুল মুহসিনের[১] কথা উল্লেখ করছি যিনি বলেছিলেনঃ হে ভাইয়েরা, আমদেরকে বাস্তবেই নিজেদেরকে পুনরায় যাচাই করার প্রয়োজন রয়েছে এবং সদস্যরা তাদের নেতৃত্বকে কি হচ্ছে এবং কি অর্জিত হচ্ছে তা জিজ্ঞেস করার প্রয়োজন রয়েছে। অর্থাৎ আমরা অনেকটা শিয়াদের মত হয়ে গেছি, ফলে কেহ নেতৃত্বকে কোন কিছু জিজ্ঞেস করতে পারে না বা কোন জিনিসে আপত্তি তুলতে পারে না। কেমন যেন এখানের বিষয়গুলো আপত্তি তোলার অনুপযুক্ত এবং সেগুলো নিয়ে নেতৃত্তের কাছে যাওয়া নিষিদ্ধ।

যার ফলে নেতৃত্ব অপূর্ণাঙ্গ, অধিকাংশ নেতারাই শূরা পদ্ধতি বাস্তবায়ন করে না। আবার কিছু নেতৃত্ব শূরা বাস্তবায়ন করে কিন্তু নেতার পাশে শূরাগণ স্পষ্ট থাকে না। অর্থাৎ তাদের তিন, চার বা পাঁচজন নিকটবর্তী সঙ্গী থাকে যাদের সাথে সর্বদা পরামর্শ করে। কিন্তু সেখানে স্পষ্ট গঠন প্রণালি থাকে না, যারা এক, দুই, তিন ইত্যাদি নম্বরে বিভক্ত থাকবে।

---

[১] সংক্ষিপ্ত টীকা

অধিকাংশ শুরার মধ্যে নেতা থাকেন এক নম্বরে এবং তারপরে সরাসরি নয় নম্বরের ব্যক্তি থাকে। অর্থাৎ যে সক্ষমতার দিক থেকে নয় নম্বরে। দুই বা তিন হওয়ার জন্য উপযুক্ত ব্যক্তি থাকে না। এ বিষয়টা সিরিয়ার জিহাদে কমান্ডার আদনানের অধীনে আমাদের সাথে সংঘটিত হয়েছে। শাইখ আব্দুল্লাহ আজ্জামের সাথে আমাদের অভিজ্ঞতাতেও এমনটা হয়েছে। ফলে আপনি সেখানে স্পষ্ট গঠন দেখতে পাবেন না, বাস্তবতা হচ্ছে আমাদের কাছে এই বিষয়টা উপযুক্ত গুরুত্ব পায়নি।

এখন আসি তৃতীয় উপাদানে যা, অর্থনীতি। এখনো অর্থনীতির পরিকল্পনাগুলো অনেক বেশি অবেহেলায় ফেলে রাখা হয়েছে। এটাই সবচেয়ে বড় বিপদ যা থেকে বেচে থাকা আবশ্যক।

চতুর্থ অংশ হচ্ছে সামগ্রিক পরিকল্পনা থাকা। অনেক দলই দাবী করবে তাদের কাছে পরিকল্পনা রয়েছে, নিরাপত্তার কারণে যা যাচাই করাও সম্ভব না। কিন্তু বাস্তবতা হচ্ছে যদি তাদের নেতৃত্ব পর্যায়ের সদস্যদের সাথে সাক্ষাত করেন, তখন দেখবেন তাদের কোন পরিকল্পনা নেই।

আমার এই কথার উদ্দেশ্য নয় যে, প্রত্যেকেই নিজ জামাতকে অপছন্দ করা শুরু করবে ও সেখান থেকে বের হয়ে যাবে। আমি এমন কাজের দিকে আহ্বান করছি না, কারণ এতে আপনার সংগঠন থেকে বের হয়ে আরো ভাল সংগঠনে যাবেন না বরং এক সংগঠন থেকে বের অন্য সংগঠনে যাবেন যাদের ভিন্ন কোন ত্রুটি রয়েছে। তাই উম্মাহর ইসলাহের ক্ষেত্রে নিজের জন্যে যে সংগঠন বাছাই করেছে তাতে অবস্থান করাই আবশ্যক। এমন নয় যে, আপনি কোথাও পাচটি বা দশটি ভুল দেখে বলা শুরু করবেন, আমাকে এই সংগঠন থেকে বের হয়ে অন্য একটি খুজতে হবে। আমাদের নিয়তি হচ্ছে সেখানেই কাজ করে যাব, কেননা আমরা যুদ্ধাবস্থায় রয়েছি। আমরা এই সংগঠনের ভুল বের করব শুধরানোর জন্যে, তা থেকে বের হয়ে যাওয়ার জন্যে নয়। এমনকি মানুষ বিরক্ত হয়ে যাওয়ার জন্যেও নয় ফলে তারা বলবে; আমরা কাজ ছেড়ে দিব।

সামগ্রিক ভাবে আমি আল্লাহ তায়ালার প্রশংসা করছি, কারণ তিনি আমাকে পেশওয়ারে নিয়ে এসেছেন যেখানে আমি জিহাদী ও অজিহাদী অধিকাংশ সংগঠনের নেতৃত্বের সাথে সাক্ষাত করেছি। আমি বলব, এখানে সবাই উপযুক্ত স্তরে নেই। এটা সত্য এখানে অনেক প্রয়োজনীয়তা, দূরত্ব, শত্রুর আক্রমণের ফলে

সব সমাধান সক্ষমতার উর্দ্ধে; তবে অনেক সমস্যা আছে যা সংশোধন করা সম্ভব। তাই সর্বোচ্চ সাধ্য দিয়ে সংশোধনের চেষ্টা চালিয়ে যাওয়া দরকার। শুধু বিমান উড্ডয়ন ব্যতিত বিশ্বের বুকে সামরিক বিদ্যার এমন অংশ বাদ নেই যা পেশওয়ারে মুজাহিদদের সামরিক ক্যাম্পগুলোতে নেই। তাহলে কেন সংগঠনগুলো তার সদস্যদের মাঝে এই যোগ্যতাগুলো তৈরির পরিকল্পনা গ্রহন করে না? অর্থাৎ তাদের কাছে কমপক্ষে একজন করে সকল বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তি থাকবে, যাতে তারা যদি অন্য কোন যুদ্ধ ভূমিতে যাবে তখন তাদের কাছে এই বিদ্যাগুলো পরিপূর্ণ থাকে।

এমন কোন সংগঠন রয়েছে যারা রাজনৈতিক শরয়ী ইলমের প্রত্যেকটা মূলনীতি একত্রিত ও আত্বস্ত করেছে? কেহ এই কাজটি করে নি। আমরা এমন পদ্ধতিতে তাওয়াক্কুল করছি যাতে কিছুটা সমস্যা রয়েছে। তাওয়াক্কুল অনেক সুন্দর বিষয় যা ঈমানের অংশ। কিন্তু আমরা এমনভাবে তাওয়াক্কুল করি যাতে সমস্যা রয়েছে।

আল্লাহ যেন আমাদের পরিশুদ্ধ করে দেন। আমাদের বুঝ ও বিশ্বাস গ্রহণযোগ্য পরিমাণে পরিপূর্ণ হয়েছে কিন্তু বাস্তব প্রস্তুতি গ্রহণ করি নি। আমাদের দৃষ্টিভঙ্গি হচ্ছে আমরা জিহাদ শুরু করব অতঃপর সাথে সাথে ফেরেশতা নাযিল হবে। যখন আমরা ব্যর্থ হই তখন এই বিষয়ের দায়ভার ছেড়ে দেই এবং তাকদীর ও ফায়সালার দিকে ফিরে যাই। তখন আমরা বলি, পরাজয়ের সাথে আমাদের কোন সম্পর্ক নাই অথচ এটাও এক প্রকারের পরাজয় এবং পরাজয়ের অংশ।

আমি আফসোসের সাথে বলছি, আমরা বিশৃংখল অবস্থায় আছি। আমরা ইসলামী আন্দোলনের একটি অংশ আর ইসলামী আন্দোলন উম্মাহর একটি অংশ। বর্তমান উম্মাহ পিছিয়ে পড়া একটি জাতি। ফলে ইসলামী আন্দোলনগুলো এই উম্মাহর ব্যর্থতার কিছু অংশ ধারণ করেছে, আর আমরা এসে সেই আন্দোলনের ব্যর্থতার কিছু অংশ ধারণ করেছি। তাই এই বিষয়গুলো অনেক পর্যালোচনা এবং নিজেদের কার্যক্রমকে পুনরায় যাচাই করার প্রয়োজন রয়েছে। আমরা কুরবানী পেশ করার দাবী করি, কিন্তু এখানে ত্যাগ ও কুরবানী অনেক স্তর রয়েছে সেখানে আমরা পৌঁছাতে পারিনি। আপনি আমাদের অভিজ্ঞতা, আন্দোলনগুলো অভিজ্ঞতা এবং নেতৃত্বের সক্ষমতা সাথে হিজবুল্লাহ অভিজ্ঞতা ও শিয়াদের অভিজ্ঞতাকে তুলনা করুন। তারা আগে কোথায় ছিল আর এখন কোথায় পৌঁছেছে! আপনি শুধু তাদের সফলতার পরিমাণ এবং আমাদের সফলতা পরিমাণের মধ্যে তুলনা করুন।

গুরুত্বপূর্ণ কথা আছে, আমাদের পুনরায় ফিরে দেখা দরকার। আমরা যদি এই পুনরায় ফিরে দেখার কাজটি না করি তাহলে আমাদের সামনে লক্ষ্যে পৌঁছাতে না পারায় সর্বশেষ কারণ বাকি থাকবে।

হাদিসের মধ্যে এসেছেঃ (নিশ্চয়ই আল্লাহ তায়ালা কোন কাজ গ্রহণ করেন না ততক্ষণ তা খালেস ও সঠিক না হয়)।

ইখলাস হচ্ছে অন্তরের বিষয় যা আমাদের প্রত্যেকের সাথে আলাদাভাবে সংযুক্ত। কিন্তু সঠিকতার বিষয়টি সাংগঠনিক বিষয় যা মানহাজের সাথে সম্পর্কযুক্ত। মুহাদ্দিসগণ 'সঠিক' এর ব্যাখ্যা দিয়েছেন কিতাব এবং সুন্নাহকে আঁকড়ে ধরা। আমরা আকীদার ক্ষেত্রে কিতাব এবং সুন্নাহকে খুব কঠিন ভাবে আঁকড়ে ধরেছি, আলহামদুলিল্লাহ। কিন্তু বাস্তবায়নের ক্ষেত্রে কিতাব-সুন্নাহকে আঁকড়ে ধরতে পারি নি। তাই লক্ষ্যে পৌঁছানোর জন্য আমাদেরকে এই অংশটিও পূর্ণ করতে হবে।

তবে এমনটা হতে কোন ব্যক্তি ব্যর্থ হবে ও লক্ষ্যে পৌঁছাতে পারবে না কিন্তু কিতাব ও সুন্নাহকে আকড়ে ধরার কারণে আল্লাহ সুবহানাহু তায়ালা তাকে কবুল করে নিবেন। আমরা নিজেদেরকে অন্তত কবুলের রাস্তায় গণ্য করতে পারি কেননা আমরা কিতাব ও সুন্নাহকে আঁকড়ে ধরেছি। তবে ইখলাসের ক্ষেত্রে আমরা প্রত্যেকে তার অন্তরের ব্যাপারে অধিক জ্ঞাত, সে কি মুখলিস নাকি মুখলিস নয়। এখন আরেকটা বিষয় বাকি থেকে যাবে, তা হল আমরা কাঙ্খিত ফলাফল আসা পর্যন্ত কাজ করে যাব।

আমরা অন্যদের উপর দোষারোপ করি, কেন অনেক শর্ত লাগায় এবং অনেক কিছু প্রস্তুত হওয়াকে শর্ত করে যাতে জিহাদ করতে না হয়। কিন্তু আমরা ঠিক উল্টো, আমরা কোন ফাউন্ডেশন চাইনা, কোন ভিত্তি চাই না এবং কোনো চিন্তা করতেও চাই না, এটা ভুল।

আমরা বিরোধী পক্ষগুলোকে যতেষ্ঠ পরিমান ভুল ধরেছি। তাই আমি বলব, এখন আমাদের নিজদেরকে গঠনমূলক পদ্ধতিতে সমালোচনা ও পর্যালোচনা করা দরকার। এই গঠনমূলক পদ্ধতি অসম্মানজনক পদ্ধতিতে হতে পারবে না যে, প্রত্যেক সদস্যই গিয়ে বলবে, আমার সংগঠনে এই এই ভুল রয়েছে। বরং নির্দিষ্ট পন্থায় মাসুল ভাইয়ের কাছে গিয়ে তার বক্তব্য পেশ করবে। বাস্তব কথা হচ্ছে প্রত্যেকটা সংগঠনে দুর্লভ কিছু ব্যক্তি থাকে যারা পর্যবেক্ষণ করে নসিহত পেশ

করতে পারে। সে সমস্ত ব্যক্তি উপর নেতৃত্বকে যথাসম্ভব নসিহত করে যাওয়া আবশ্যক এবং নেতৃত্ব উপর তা গ্রহণ করা আবশ্যক। বরং আমি অন্য দিক থেকে বলব; যদি নেতৃত্ব নিজেকে লক্ষ্য বাস্তবায়নে বা পরিস্থিতি সঠিকভাবে পরিচালনা করতে অক্ষম মনে করে তখন নেতৃত্ব থেকে সরে যাওয়া আবশ্যক।

অর্থাৎ আমাদের এখানে কোনো ব্যক্তি নেতৃত্ব গ্রহণ করার অর্থ সে জীবনের শেষ পর্যন্ত সরবে না। ইহা শরীয়তের দৃষ্টিতে সুন্দর কিন্তু যোগ্যতার একটি ব্যাপার রয়েছে। আমরা বিশাল সংকটে রয়েছি আর আমাদের সমস্ত সংকট চিন্তাগত সমস্যা এবং নেতৃত্বের সমস্যার মধ্যেই ঘুরপাক খাচ্ছে, এর বেশি কিছু নেই। হয়ত আমাদের ফিকির অন্যদের থেকে ভিন্ন বা আমাদের নেতৃত্ব অন্যদের থেকে ভিন্ন। আমাদের মধ্যে স্বাভাবিকত ইখলাস ও কুরবানী করার গুন পাওয়া যায়। তবে সব সঙ্কট ফিকির ও নেতৃত্ব থেকেই হয়। আমরা অন্যদেরকে যথেষ্ট পরিমাণ সমালোচনা করেছি, তাই এখন আমাদের নিজেদের দিকে তাকানো দরকার। আমরা এই বিষয়গুলোকে আবার পর্যালোচনা করব এবং জিজ্ঞেস করবো কেন আমরা সফল হচ্ছি না? কুরআনে কারীমের এই বিষয়ে অনেক প্রমাণ রয়েছে এবং সেই সাথে সুন্নাহতেও রয়েছে। তাই আমাদের নিজেদেরকে পর্যালোচনা করা আবশ্যক এবং আমরা বুঝার চেষ্টা করব কোথায় সফল হয়েছি এবং কোথায় ভুল হয়েছি। কোন ধরনের চিন্তা ছাড়া শুধু কাজ করা আমাদের জন্য উচিত নয়।

সুতরাং ইসলামী দলগুলো পূর্বে গর্তগুলোতে পতিত হয়েছে। আল্লাহর শুকরিয়া আমাদের ভুল অন্যদের থেকে অনেক স্বল্প, তাই সফলতার জন্য আমাদেরকে তা শুধরে নিতে হবে। আল্লাহ তাউফীক কামনা করছি।

জিহাদী দলগুলোর মাঝে ঐক্য সাধন এবং ইখতিলাফের কারণঃ

এখন ব্যাপক প্রচলিত একটি চিন্তা নিয়ে কথা বলবো। আমি লক্ষ করেছি এখানে মুসলিমদেরকে ঐক্য, ইসলামী জামাগুলোতে ঐক্য ও জিহাদী দলগুলোর মাঝে ঐক্যের ব্যাপারে অনেক বেশি আবেগে উত্তেজনা রয়েছে। মানসিক আগ্রহ অনেক ভালো এবং সঠিক। সুন্নাহ থেকে এই ব্যাপারে অনেক দলিল রয়েছে, মুসলিমদের ঐক্য করা আবশ্যক। কিন্তু বাস্তব ক্ষেত্রে সে আমরা মানুষকে ঐক্য করব যাতে লক্ষ্যে পৌঁছাতে পারি, আল্লাহ তায়ালার সন্তুষ্টি পর্যন্ত পৌঁছাতে পারি এবং

আমাদের কাজ বাস্তবায়ন করতে পারি। আর এই ঐক্য যাতে বেহুদা না হয় সেজন্য সঠিক চিন্তাধারা বা মানহাজের উপর ঐক্য হওয়া আবশ্যক।

যেমনটা আপনাদেরকে বলেছি, আমি কথায় অনেক স্বচ্ছ থাকার চেষ্টা করি, তাই আমার কথা কাউকে কষ্ট পেলে ক্ষমা চাই। আমি লক্ষ করেছি, যে সমস্ত ভাইয়েরা জামাতুল ইসলামিয়্যাহ ও জামাতুল জিহাদের মাঝে ঐক্যের কথা বলেন তারা বিষয়টা অনেক সহজ ভাবে উপস্থাপন করেন। কেমন যেন অমুক অমুকের মাঝে ব্যক্তিগত মতপার্থক্য হয়েছে, আমরা গিয়ে তাদেরকে বললাম তোমরা একত্রিত হয়ে যাও। তখন তারা বলল, আমরা ঐক্য হয়ে গেলাম।

আমিই দুইটা জামাতকে উদাহরণ হিসেবে উপস্থাপন করছি কেননা আমি তাদেরকে বাস্তবে ভালবাসি এবং তাদেরকে মুজাহিদদের সারির অন্তর্ভুক্ত মনে করি। তবে এই দুই দলকে নমুনা হিসেবে গ্রহণ করেছি এমন বিষয়ের জন্য যা ভাইদেরকে অনেক বেশি পেরেশান করে দিচ্ছে। আমার কথা হচ্ছে, এখানে তিনটা বিষয় ঐক্য হওয়াকে বাধা দিচ্ছে।

প্রথমত চিন্তাধারা ও মানহাযে পার্থক্য।

দ্বিতীয়তঃ আচরণগত পার্থক।

তৃতীয়তঃ চাহিদা ও নফসের লোভ।

ঐক্য অবশ্যই সিয়াসাতুশ শরিয়াহর মানহাজ ও লক্ষে হওয়া আবশ্যক। আমি এখানে এখানে জামাতুল ইসলামিয়্যাহ ও জামাতুল জিহাদের সাথে সাক্ষাত করেছি। আমি এই দুই জামাতের মাঝে সিয়াসাতুশ শরিয়াহর ক্ষেত্রে কোন ভিন্নতা পাই নি, একটি বিষয় ব্যতিত যা উল্লেখ করাই হয় না; তা হচ্ছে সাহায্যকারীদের বিধান। জামাতুল জিহাদ ত্বাগুতের সাহায্যকারীকে দলগত কাফের মনে করে, তবে তাদের মধ্যে যারা মুসলিম তারা ভিন্ন। কিন্তু জামাতুল ইসলামিয়্যাহ যাদের নেতৃত্বে রয়েছে শাইখ উমর আব্দুর রহমান -যার সাথে আমি আলোচনা করেছি- শুধু শাষক ছাড়া বাকিদেরকে তাকফির করেন না। তাগুত্বের সাহায্যকারীকে মুসলিম মনে করেন যাদেরকে কখনো তাকফীর করা যায়। স্বাভাবিকভাবেই আমি মনে করি জামাতুল জিহাদের কাছে সাংবিধানিক নীতিমালা সম্পর্কে বেশি বুঝ রয়েছে, যার ফলে তারা শাসক ও সাহায্যকারী সকলকে কাফের মনে করে -আমি এই মানহাজে

রয়েছি- কিন্তু অন্যরা মনে করে শুধু শাসক হচ্ছে ফেরাউন এবং মুরতাদ। তবে এই এখতেলাফ এত বড় নয় যা ঐক্যকে বাধা সৃষ্টি করবে।

যেমনটা বলেছি, কোন দুই দলের মাঝে মতানৈক্যের তিনটি কারণ থাকে।

প্রথমত মানহাজ, এই দুই দলের মাঝে মানহাজের ক্ষেত্রে কোন ভিন্নতা নেই।

দ্বিতীয়তঃ কাজের আচরণ বিধি, এই দুই দলের মাঝে কাজের আচরণবিধি নিয়ে বিশাল মতপার্থক্য রয়েছে। জামাতুল ইসলামী সমান্তরালভাবে কাজ করে, তাদের কাজের মধ্যে অনেক খোলাখুলি রয়েছে, সৎ কাজের আদেশ এবং অসৎ কাজের নিষেধ। তাদের কার্যক্রম অনেকটা প্রকাশের মতই, তারা একটি মূলনীতি বাস্তবায়ন করে। সেই নীতিটি হলো " প্রকাশ্য দাওয়াত ও গোপন সংগঠন"। এই স্লোগানটি চরমভাবে ব্যর্থ। সিরিয়াতে পর্যাপ্ত পরিমাণে তার ব্যর্থতা প্রমাণিত হয়েছে। কেননা প্রকাশ্য দাওয়াত সর্বদাই সাংগঠনিক গোপনীয়তাকে ধ্বংস করে দেয়। কেননা তখন প্রশাসন দাওয়াতে একটি সুতা ধরে টান দিয়ে সংগঠনের অন্য সমস্ত সদস্যদের কাছে পৌঁছে যাবে। আমি সামষ্টিকভাবে বলছি, জামাতুল ইসলামী একটি প্রকাশ্য জামাত যারা মিশরী জনসাধারনের মাঝে অনেক বিশাল খেদমত আঞ্জাম দিয়েছেন। যদি কয়েক বছর পর উচু স্তরের কোন জামাত প্রতিষ্ঠা হয় তাহলে জামাতুল ইসলামী যে বিশাল জনগোষ্ঠীকে প্রস্তুত করেছে তাতে তারা উপকৃত হবেন। কিন্তু তাদের বর্তমান পদ্ধতি অনেক ব্যর্থ অথচ তারা এই পদ্ধতিতে কাজ করে যাচ্ছে। অন্যদিকে তানজীমুল জিহাদ গোপনীয় পদ্ধতিতে কাজ করে। যারাই তাদের সাথে সম্পর্ক করেছে প্রত্যেকেই তাদের কাছ থেকে সেটা বুঝতে পারবে। গুরুত্বপূর্ণ হচ্ছে তারা গোপন সংগঠন যারা গোপনীয় পদ্ধতিতে কাজ করে।

আমি বলব, এই দলের এই পদ্ধতি ও সেই দলের অন্য পদ্ধতি। দুই দলের মাঝে কখনোই ঐক্য হবে না যতক্ষণ না দুই দলের নেতৃত্ব একত্রিত হয়ে একটি সামষ্টিক দৃষ্টিভঙ্গি স্থাপন করব। শরিয়াতের বিষয়ে মতপার্থক্য থাকা ঐক্যকে বাধা দিতে সক্ষম। কিন্তু কাজের ক্ষেত্রে বুদ্ধিবৃত্তিক মতপার্থক্য নিয়ে দুইপক্ষ বসে আলোচনা করে একটি সমাধানে পৌঁছা সম্ভব। তাই এই ভূমির অনুকূল পরিবেশ বুঝার জন্য গভীর ও ব্যাপক গবেষণা নির্দিষ্ট পদ্ধতিতে পৌছাতে হবে যার ভিত্তি হবে ঐক্য, তাই বিষয়টা অনেক গভীর।

